দৈনিক সংবাদ

তারিখ 18 JUL 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

93

# আরো ১৩০৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত

এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল মঙ্গলবার চারটি বোর্ডের ১৫৩টি কেন্দ্র থেকে মোট ১ হাজার ৩০৪ জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে।

বোর্ড সূত্রের উদ্ধৃতি দিয়ে বাসস জানিয়েছে, ঢাকা বোর্ডের ৬৫টি কেন্দ্র থেকে ৩৭৫ জন, কুমিল্লা বোর্ডের

( শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## এইচএসসি পরীক্ষা

(১ম পাতার পর)

২৭টি কেন্দ্র থেকে ৫৬৫ জন, যশোর বোর্ডের ১৪টি কেন্দ্র থেকে ৪৩ জন এবং রাজশাহী বোর্ডের ৪৭টি কেন্দ্র থেকে ৩২১ জনকে বহিষ্কার করা হয়েছে।

আমাদের নরসিংদী সংবাদদাতা জানান, গতকাল মনোহরদী কেন্দ্রে ফারুক নামের একজন পরীক্ষার্থীকে পুলিশ গ্রেফতার করেছে। সে পরীক্ষার সময় উত্তর লিখে দেয়ার জন্য খাতা বাইরে পাঠিয়েছিল।